# রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল)

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষে আরপিসিএল এর কর্মপরিকল্পনাঃ

## ১। সেবা ও ইনোভেশন সম্পর্কিত

### ক. সেবা বর্ষ ও ইনোভেটিভ আইডিয়াঃ

মুজিব বর্ষ অর্থাৎ ১৭ই মার্চ ২০২০ হতে ১৭ই মার্চ ২০২১ সন পর্যন্ত সময়কে বিদ্যুৎ বিভাগ কর্তৃক "সেবা বর্ষ" হিসেবে ঘোষণা করা হয়েছে। এ প্রেক্ষিতে উল্লিখিত সময়কে **সেবা বর্ষ** হিসেবে প্রতিপালনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া, সেবার সাথে সম্পৃক্ত ন্যূনতম ০৪ (চার) টি ইনোভেটিভ আইডিয়া প্রণয়ন ও বাস্তবায়ন করা হবে।

### খ. পাওয়ার সিস্টেম মাষ্টার প্ল্যান-২০১৬ এর আলোকে কর্মপরিকল্পনাঃ

আরপিসিএল কর্তৃক বাস্তবায়নাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহের বিপরীতে **মুজিববর্ষে** বাস্তবায়িতব্য কাজের কর্মপরিকল্পনাঃ

| ক্রম | প্রকল্পের নাম | বাস্তবায়ন পরিকল্পনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ১ | পটুয়াখালী ১৩২০ মেঃওঃ কয়লা ভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প | • মার্চ, ২০২০ এর মধ্যে Ash handling system, condenser, feed water pump এর ক্রয়াদেশ ইস্যু।<br>• এপ্রিল, ২০২০ এর মধ্যে water treatment system, Flue Gas Desulfurization plant স্থাপনের ক্রয়াদেশ ইস্যু।<br>• জুন, ২০২০ এর মধ্যে পাওয়ার ব্লক এলাকার পাইলিং কাজ সম্পন্ন করা এবং বয়লার (ইউনিট-১) এর foundation কাজ শুরু।<br>• জুলাই, ২০২০ এর মধ্যে টারবাইন (ইউনিট-১) এর foundation কাজ শুরু।<br>• সেপ্টেম্বর, ২০২০ এর মধ্যে স্টিম টারবাইন (ইউনিট-১) ভবনের নির্মাণ কাজ শুরু করা। বয়লার (ইউনিট-১) এর foundation এর কাজ শেষ করা এবংনির্মাণ কাজ শুরু।<br>• ডিসেম্বর, ২০২০ এর মধ্যে Coal handling systemএর মালামাল সাইটে পৌছানো।<br>• জানুয়ারি, ২০২১ এর মধ্যে condenser এর মালামাল সাইটে পৌছানো।<br>• ফেব্রুয়ারি, ২০২১ এর মধ্যে Flue Gas Desulfurization প্লান্টের মালামাল সাইটে পৌছানো।<br>• মার্চ, ২০২১ এর মধ্যে water treatment system এর মালামাল সাইটে পৌছানো। | ২০১৯-২০২৩ |
| ২ | ময়মনসিংহ ৪২০ মেঃওঃ ডুয়েল-ফুয়েল (Gas/HSD) কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প | • এপ্রিল, ২০২০ এর মধ্যে Owner's Engineer (OE) নিয়োগ সম্পন্ন করণ।<br>• মে, ২০২০ এর মধ্যে Financial Closing সম্পন্নকরণ।<br>• জুলাই, ২০২০ এর মধ্যে বেসিক ডিজাইন সম্পন্ন ও অনুমোদন।<br>• অক্টোবর, ২০২০ এর মধ্যে পাইলিং কাজ এবং EPC কাজের ডিটেইল ডিজাইন সম্পন্নকরণ।<br>• জানুয়ারি, ২০২১ এর মধ্যে প্রকল্পের মূল মেশিনারি ক্রয় প্রক্রিয়াকরণ।<br>• মার্চ, ২০২১ এর মধ্যে ইকুইপমেন্ট স্থাপনের জন্য Foundation work সম্পন্নকরণ। | ২০১৯-২০২২ |

| ক্রম | প্রকল্পের নাম | বাস্তবায়ন পরিকল্পনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ৩ | গজারিয়া ৬০০মেঃওঃ এলএনজি ভিত্তিক কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প | • জুন, ২০২০ এর মধ্যে বাঁধ নির্মাণ ও ভূমি সুরক্ষা এবং অভ্যন্তরীণ বিদ্যুতায়ন এর জন্য উপ-কেন্দ্র নির্মাণ কাজ শেষ করা।<br>• জুলাই, ২০২০ এর মধ্যে প্রকল্পের EIA study সম্পন্নকরণ।<br>• অক্টোবর, ২০২০ এর মধ্যে প্রকল্পের অর্থায়নের উৎস্য নিশ্চিতকরণ।<br>• জুন, ২০২১ এর মধ্যে প্রকল্পের ডিপিপি প্রণয়ন। | ২০২০-২০২৫ |
| ৪ | মাদারগঞ্জ ১০০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প | • এপ্রিল, ২০২০ এর মধ্যে প্রকল্পের জন্য ৩২৫ একর ভূমির দীর্ঘমেয়াদী বন্দোবস্ত গ্রহণ সম্পন্নকরণ।<br>• মে, ২০২০ এর মধ্যে Feasibility, IEE ও EIA study সম্পন্ন করা।<br>• জুন, ২০২০ এর মধ্যে প্রকল্পের DPP প্রণয়ন।<br>• আগস্ট, ২০২০ এর মধ্যে Owner's Engineer নিয়োগের লক্ষ্যে EOI আহ্বান করা।<br>• ডিসেম্বর, ২০২০ এর মধ্যে Owner's Engineer(OE) নির্বাচন করা।<br>• মার্চ, ২০২১ এর মধ্যে ইপিসি ঠিকাদার নিয়োগের লক্ষ্যে দরপত্র আহ্বান করা। | ২০২০-২০২২ |

### গ. ইনোভেশন প্রতিযোগিতাঃ

**সেবা বর্ষ** উপলক্ষে সেবার উৎকর্ষ সাধনে বঙ্গবন্ধুর দর্শনের ভিত্তিতে কোম্পানীর কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক উদ্ভাবিত ইনোভেশন আইডিয়া সমূহ নিয়ে প্রতিযোগিতার আয়োজন করা।

### ঘ. সেবা বর্ষে অফিস সময়ের অতিরিক্ত সময় কাজ করণঃ

**সেবা বর্ষ** (১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ পর্যন্ত) উপলক্ষে, অধিকতর সেবা প্রদানের নিমিত্ত আরপিসিএল এর কর্মকর্তা/ কর্মচারীগণের প্রতি কর্মদিবসে নির্ধারিত অফিস সময় (সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত) এর অতিরিক্ত ০১ (এক) ঘন্টা করে কাজকরণ।

### ঙ. সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সুফলভোগী দরিদ্র জনগোষ্ঠীকে সহায়তাকরণঃ

সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সুফলভোগী দরিদ্র জনগোষ্ঠীর জন্য কোম্পানীর বিভিন্ন চালু বিদ্যুৎ কেন্দ্র ও বাস্তবায়নাধীন বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের নিম্নোক্ত বর্ণনা মোতাবেক কোম্পানীর নিজস্ব অর্থায়নে (সিএসআর এর আওতায়) বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা গ্রহণঃ

| ক্রম | বিদ্যুৎ কেন্দ্র/ প্রকল্পের নাম | ইউনিয়ন | সম্ভাব্য সংযোগ প্রদানের সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ময়মনসিংহ ২১০মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | চরঈশ্বরদিয়া | ১০০ |
| ২ | গাজীপুর ৫২ মেঃওঃ ডুয়েল-ফুয়েল বিদ্যুৎ কেন্দ্র | বাসন | ১০০ |
| ৩ | রাউজান ২৫ মেঃওঃ ডুয়েল-ফুয়েল বিদ্যুৎ কেন্দ্র | নোয়াপাড়া | ১০০ |
| ৪ | পটুয়াখালী ১৩২০ মেঃওঃ কয়লাভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প | ধানখালি | ১০০ |
| ৫ | গজারিয়া ৬০০ মেঃওঃ এলএনজিভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প | ইমামপুর | ১০০ |

চ. **বঙ্গবন্ধু গ্রীণ পার্কঃ**

মুজিব বর্ষে পটুয়াখালী ১৩২০ মেঃওঃ কয়লাভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প এলাকায় **বঙ্গবন্ধু গ্রীণ পার্ক নির্মাণ।**

## ২। দক্ষ জনশক্তি তৈরী

ক. বৈদ্যুতিক খাতে দেশে ও বিদেশে দক্ষ জনশক্তির চাহিদা পূরণকল্পে বৈদ্যুতিক কর্মপেশায় দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে, **মুজিব বর্ষে** ০৫ টি ব্যাচে (প্রতি ব্যাচে ৩০ জন প্রশিক্ষণার্থী) ১৫০ জন কর্মহীন যুবককে মোট ৫৪,০০০ জনঘন্টা প্রশিক্ষণ প্রদান করা হবে। বর্ণিত প্রশিক্ষণ কর্মসূচী দেশের বেকার জনগোষ্ঠীকে মানব সম্পদে রুপান্তর করবে।

খ. পেশাগত দক্ষতা তথা কর্মজীবন উন্নয়নে সকল কর্মকর্তা/ কর্মচারীকে মুজিব বর্ষে ৭০ (সত্তর) জনঘন্টা করে প্রশিক্ষণ প্রদান।

## ৩। শুদ্ধাচার সম্পর্কিত

ক. মুজিব বর্ষে আরপিসিএল এর কর্মকর্তা/কর্মচারীদের জন্য **কর্মজীবন উন্নয়ন পরিকল্পনা** প্রণয়ন।

খ. দুর্নীতির ক্ষেত্রে জিরো টলারেন্স নীতি অনুসরণ।

গ. পারফরমেন্স বেসড কর্মমূল্যায়ন পদ্ধতি বাস্তবায়ন।

ঘ. আরপিসিএল এর কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে থেকে কার্যক্ষেত্রে সফলতার জন্য **বঙ্গবন্ধু Service Excellence Award** প্রদান এবং সেবা প্রদানের ক্ষেত্রে প্রতিটি অফিস/ ইউনিটভিত্তিক একজন করে "সেরা বিদ্যুৎ কর্মী"কে বঙ্গবন্ধু পুরুস্কার প্রদান।

ঙ. প্রতিটি অফিস/দপ্তর/বিদ্যুৎ কেন্দ্রে মাসের একটি নির্দিষ্ট দিনকে **পরিষ্কার-পরিচ্ছন্নতা দিবস** হিসেবে পালন। অফিস/দপ্তর/বিদ্যুৎ কেন্দ্র এর মধ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতা নিয়ে প্রতিযোগিতা আয়োজন করা এবং সেরা ইউনিট নির্বাচনকরণ ও পুরষ্কার প্রদান।

## ৪। প্রকাশনা/ভিডিও তৈরী ও জনসচেতনতার লক্ষ্যে প্রচারের ব্যবস্থাঃ

ক. সর্বকালের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর সোনার বাংলা বিনির্মাণে বিদ্যুতের ভূমিকা, বিদ্যুৎ খাতের অর্জন, বিদ্যুৎ খাতের উন্নয়নে তাঁর অবদানের বিষয়ে কেন্দ্রীয়ভাবে আয়োজিত বিভিন্ন সেমিনার, সভায় আরপিসিএল কর্মকর্তা/ কর্মচারীদের অংশগ্রহণ।

খ. **মুজিব বর্ষ** উপলক্ষে প্রণীত কর্মসূচী সমূহকে জাতীয় দিবস সমূহের সাথে একত্রিত করে উদযাপন।

গ. বঙ্গবন্ধুর দর্শন, বিদ্যুৎ খাতে অর্জন এবং বঙ্গবন্ধুর অবদান ইত্যাদি বিষয়াদি সামনে রেখে "জাতীয় বিদ্যুৎ সপ্তাহ" উপলক্ষে বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত অনুষ্ঠানাদিতে আরপিসিএল কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ।

ঘ. মুজিব বর্ষব্যাপী কর্মকর্তা /কর্মচারীদের সমন্বয়ে অনুষ্ঠিতব্য মাসিক স্টাফ সভায় সেবা প্রদান সম্পর্কিত বঙ্গবন্ধুর নির্দেশনা নিয়ে আলোচনা।

ঙ. কোম্পানীর সদর দপ্তর ও বিভিন্ন বিদ্যুৎ কেন্দ্রের প্রবেশদ্বারে ইলেকট্রনিক বোর্ড স্থাপনের মাধ্যমে বঙ্গবন্ধুর সেবা সম্পর্কিত বক্তব্য ও উক্তিসমূহ প্রচার।

চ. মুজিব বর্ষ উপলক্ষে জরুরী কাজে ব্যবহৃত সকল যানবাহনে সেবা বর্ষের পৃথক লোগো ব্যবহার ও সজ্জিতকরণ।

ছ. বিদ্যুতের অপচয় রোধে সমগ্র দেশব্যাপী প্রিপেইড মিটারিং কার্যক্রমের আওতায় ২০২১ সনের মধ্যে গাজীপুরে একটি প্রিপেইড মিটার এ্যাসেম্বলিং ফ্যাক্টরী স্থাপন ও চালুকরণ।

৩০।০৭।২০১৯

(মোঃ মাহবুবুর রহমান)
মহাব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন)
রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড

৩০.০৭.২০১৯

(Praloy Kumar Saha)
Executive Director Finance (Addl. Charge)
Rural Power Company Ltd.

৩০/৭/১৯

(Md. Salim Bhuiyan, PEngl)
Executive Director (Engg.)
Rural Power Company Limited